Vol. 156

Issue 188

Chattogram Maa-O-Shishu Hospital

# Bulletin

April - June 2018

For Internal Circulation Only

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে ক্যান্সার সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত




*চিটাগং উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি কার্যালয়ে ক্যান্সার সচেতনতামূলক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম।*

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে গত ৩১/০৩/২০১৮ ইং তারিখ চিটাগং উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি কার্যালয়ে উইমেন চেম্বারের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট মিসেস আবিদা মোস্তফার সভাপতিত্বে এক ক্যান্সার সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কার্যনির্বাহী কমিটির জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ এবং উইমেন চেম্বারের ভাইস প্রেসিডেন্ট ডাঃ মুনাল মাহবুব। কর্মশালায় মাল্টিমিডিয়া প্রেজেন্টেশনের মাধ্যমে ক্যান্সারের কারণ, প্রতিকার ও চিকিৎসা বিষয়ে একটি তথ্যচিত্র উপস্থাপন করেন হাসপাতালের অনকোলজি বিভাগের সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ডাঃ শেফাতুজ্জাহান এবং পুষ্টি বিষয়ক বক্তব্য রাখেন হাসপাতালের নিউট্রিশনিষ্ট হাফছা ইয়াসমিন। অনুষ্ঠানে প্রধান অতিথি ডাঃ আঞ্জুমান আরা ইসলাম তার বক্তব্যে বলেন, চট্টগ্রাম বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম শহর হলেও এখানে ক্যান্সারের পূর্ণাঙ্গ চিকিৎসা ব্যবস্থা নেই। তিনি বলেন, ক্যান্সার রোগীদের অধিকাংশই হয় মহিলা। যারা স্তন ক্যান্সার, কোলন ক্যান্সার ও জরায়ু মুখের ক্যান্সারে বেশি আক্রান্ত হন। সঠিক সময়ে চিকিৎসা করা হলে ক্যান্সার রোগীকেও সুস্থ করা সম্ভব। আর সচেতনতা পারে ক্যান্সারমুক্ত জীবন গড়তে। তিনি আরো বলেন, চট্টগ্রামে ক্যান্সার রোগীদের পূর্ণাঙ্গ চিকিৎসার জন্য “CMOSH ক্যান্সার হাসপাতাল এন্ড রিসার্চ ইনষ্টিটিউট” প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হয়েছে। যেখানে গরীব ও মধ্যবিত্ত রোগীরা বিনামূল্যে ও স্বল্পমূল্যে ক্যান্সারের পূর্ণাঙ্গ চিকিৎসা পাবেন। এই হাসপাতাল হবে আন্তর্জাতিক মানের একটি ক্যান্সার হাসপাতাল। তিনি এজন্য সমাজের বিত্তশালী ব্যক্তি ও প্রতিষ্ঠানকে এগিয়ে আসার জন্য উদাত্ত আহবান জানান। অনুষ্ঠানে হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ট্রেজারার ও ক্যান্সার হাসপাতাল বাস্তবায়ন কমিটির মেম্বার সেক্রেটারী জনাব মোঃ রেজাউল করিম আজাদ “CMOSH ক্যান্সার হাসপাতাল এন্ড রিসার্চ ইনষ্টিটিউট” সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে ধরেন। অনুষ্ঠানে চিটাগং উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি এর বিপুল সংখ্যক সদস্যা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শেষ দিকে প্রশ্নোত্তর পর্বে ক্যান্সার ও পুষ্টি বিষয়ক বিভিন্ন প্রশ্নের উত্তর দেন ডাঃ শেফাতুজ্জাহান ও হাফসা ইয়াসমিন। চিটাগং উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ এর ভাইস প্রেসিডেন্ট ডাঃ মুনাল মাহবুব এ ধরনের একটি অনুষ্ঠান আয়োজনের জন্য সকলকে আন্তরিক ধন্যবাদ জানান।

## কাষ্টমস, এক্সাইজ এন্ড ভ্যাট কমিশনারেট এর এডিশনাল কমিশনার জনাব এম সফিউজ্জামান ও ডেপুটি সিভিল সার্জন ডাঃ হুমায়ুন কবির এর চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন




*আলোচনা সভায় বক্তব্য রাখছেন চট্টগ্রাম কাষ্টমস, এক্সাইজ এন্ড ভ্যাট কমিশনারেট এর এডিশনাল কমিশনার জনাব এম সফিউজ্জামান।*

চট্টগ্রাম কাষ্টমস, এক্সাইজ এন্ড ভ্যাট কমিশনারেট এর এডিশনাল কমিশনার জনাব এম সফিউজ্জামান ও ডেপুটি সিভিল সার্জন ডাঃ হুমায়ুন কবির গত ১২/০৬/২০১৮ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। এ উপলক্ষে হাসপাতালের নার্সিং অডিটোরিয়ামে কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান এর সভাপতিত্বে এক আলোচনা সভার আয়োজন করা হয়। সভাতে চট্টগ্রাম কাষ্টমস, এক্সাইজ এন্ড ভ্যাট কমিশনারেট এর এডিশনাল কমিশনার জনাব এম সফিউজ্জামান তার বক্তব্যে, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সীমিত সময়ে এমন অভূতপূর্ব উন্নয়ন ও অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন এবং হাসপাতালের জন্য সর্বাত্নক সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন। ডেপুটি সিভিল সার্জন ডাঃ হুমায়ুন কবির বলেন, তিনি এই হাসপাতাল সম্পর্কে অনেক আগে থেকেই জানেন। সরকারী চাকুরীতে যোগদানের পূর্বে তিনি এই হাসপাতালে কর্মরত ছিলেন। তিনি হাসপাতালের বর্তমান চিকিৎসা সেবা কার্যক্রমের ভূয়সি প্রশংসা করেন এবং সরকারের পক্ষ থেকে সম্ভাব্য সকল প্রকার সহযোগিতার আশ্বাস প্রদান করেন। সভাতে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক। সভাতে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, হাসপাতালের উপ-পরিচালক (ফিন্যান্স) জনাব মোঃ ইফতেখারুল আমিন, উপ-পরিচালক (প্রশাসন) ডাঃ মোহাম্মদ সফিউল আলম চৌধুরী, নার্সিং ইনষ্টিটিউটের ভারপ্রাপ্ত প্রিন্সিপাল আমিনা বেগম প্রমুখ।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৫ বছর মেয়াদী সমঝোতা স্মারক স্বাক্ষর

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে ক্যান্সার সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত



*পতেঙ্গা গোল্ডেন বিচে ক্যান্সার সচেতনতামূলক কর্মশালায় বক্তব্য রাখছেন আওয়ামীলীগ নেতা জনাব মাহতাব উদ্দিন চৌধুরী।*

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে গত ৩১/০৩/২০১৮ ইং তারিখ পতেঙ্গা গোল্ডেন বিচে হাসপাতালের আজীবন সদস্য মিসেস সাফিনাজ আমীন এর সভাপতিত্বে এক ক্যান্সার সচেতনতামূলক কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আওয়ামীলীগ নেতা জনাব মাহতাব উদ্দিন চৌধুরী। অনুষ্ঠানে ক্যান্সার ও পুষ্টি বিষয়ক বক্তব্য রাখেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের অনকোলজি বিভাগের সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ডাঃ শেফাতুজ্জাহান ও নিউট্রিশনিষ্ট হাফসা ইয়াসমিন। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ কামরুন নাহার দস্তগীর প্রমুখ। অনুষ্ঠানে প্রধান অতিথি জনাব মাহতাব উদ্দিন চৌধুরী ক্যান্সার প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। তিনি বলেন, সঠিক সময়ে এই রোগ সনাক্ত করা গেলে এবং সুচিকিৎসার ব্যবস্থা নেয়া হলে এই রোগ থেকে মুক্তি পাওয়া সম্ভব। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে “CMOSH ক্যান্সার হাসপাতাল এন্ড রিসার্চ ইনষ্টিটিউট” প্রতিষ্ঠায় সমাজের বিত্তশালী ব্যক্তি ও প্রতিষ্ঠানকে এগিয়ে আসার জন্য আহবান জানান। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ডোনার সদস্য ইঞ্জিঃ মোঃ জাবেদ আবছার চৌধুরী, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, ৪০ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব জয়নাল আবেদীন, ৪১ নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছালেহ আহাম্মদ চৌধুরী এবং স্থানীয় ব্যক্তিবর্গ।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের অটিজম ও শিশু বিকাশ ইনষ্টিটিউট এর উদ্যোগে বিশ্ব অটিজম সচেতনতা দিবস পালিত




*বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন দৈনিক পূর্বকোণ পত্রিকার পরিচালনা সম্পাদক জনাব জসিম উদ্দিন চৌধুরী।*

বিশ্ব অটিজম সচেতনতা দিবস উপলক্ষে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের অটিজম ও শিশু বিকাশ ইনষ্টিটিউট এর উদ্যোগে গত ০২/০৪/২০১৮ ইং তারিখ হাসপাতালের সেমিনার হলে এক সেমিনারের আয়োজন করা হয়। হাসপাতালের অটিজম ও শিশু বিকাশ ইনষ্টিটিউট এর পরিচালক প্রফেসর মাহমুদ আহমেদ চৌধুরী (আরজু) এর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন দৈনিক পূর্বকোণ পত্রিকার পরিচালনা সম্পাদক জনাব জসিম উদ্দিন চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান ও জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন স্বাস্থ্য অধিদপ্তরের উপ-পরিচালক ডাঃ রুহ আফরোজ সালমা, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, শিশু স্বাস্থ্য বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ মোঃ বদরুদ্দোজা। সেমিনারে অটিষ্টিক রোগীদের চিকিৎসা সেবা বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন- হাসপাতালের নিউরোলজি বিভাগের সহকারী অধ্যাপক ডাঃ ধনঞ্জয় দাশ এবং ওয়ার্ল্ড অটিজম ডে উপলক্ষে জাতিসংঘ মহাসচিবের বানী পাঠ করে শোনান, হাসপাতালের শিশু স্বাস্থ্য বিভাগের রেজিষ্ট্রার ডাঃ রেজওয়ানা রশীদ (রাখি)। সেমিনারে অটিজমের বিষয়ে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করা হয়। এবারের ওয়ার্ল্ড অটিজম এ্যাওয়ারনেস ডে এর প্রতিপাদ্য বিষয় হল ”Empowering Womens and Girls with Autism”। প্রধান অতিথি জনাব জসিম উদ্দিন চৌধুরী বলেন, অটিষ্টিক শিশুদের জন্য পর্যাপ্ত চিকিৎসা কেন্দ্র ও স্কুলের ব্যবস্থা নেই। বেসরকারী পর্যায়ে কিছু স্কুল ও চিকিৎসা কেন্দ্র গড়ে উঠলেও তা পর্যাপ্ত নয়। এ ব্যাপারে সরকারী ও বেসরকারী পর্যায়ে আরো উদ্যোগ নেয়া প্রয়োজন। অটিষ্টিক শিশুদের পরিবার ও স্কুল থেকে সনাক্ত হওয়া প্রয়োজন। তাদের প্রতি বিশেষভাবে যত্ন নিতে হবে ও সুষ্ঠ চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ব্যাপারে সকলকে এগিয়ে আসতে হবে এবং ব্যাপক জনসচেতনতা বৃদ্ধি করতে হবে। তিনি হাসপাতালের অটিজম ও শিশু বিকাশ ইনষ্টিটিউট এর কার্যক্রমের ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন, এখানে প্রতিবন্ধী শিশুদের জন্য একই ছাতার নিচে সকল চিকিৎসা সেবার ব্যবস্থা রয়েছে। যা অন্য কোন প্রতিষ্ঠানে নেই। তিনি দৈনিক পূর্বকোণ পত্রিকার পক্ষ থেকে মা ও শিশু হাসপাতাল বিশেষ করে শিশু বিকাশ ইনষ্টিটিউট এর কার্যক্রমের বিষয়ে সর্বোচ্চ গুরুত্ব দেয়ার আশ্বাস প্রদান করেন। তিনি পূর্বকোণকে মিডিয়া পার্টনার হিসেবে কাজ করার জন্য হাসপাতাল কর্তৃপক্ষের প্রস্তাবের প্রেক্ষিতে এ ব্যাপারে একটি লিখিত প্রস্তাব দেয়ার অনুরোধ করেন। অনুষ্ঠানে প্রতিবন্ধী শিশুদের মাঝে চিত্রাংকন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ জাহিদুল হাসান, জনাব এম জাকির হোসেন তালুকদার, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমুখ। অনুষ্ঠানে হাসপাতাল, মেডিকেল কলেজ ও নার্সিং ইনষ্টিটিউটের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, নার্স, কর্মকর্তা, কর্মচারীগণ অংশ গ্রহণ করেন। সমগ্র অনুষ্ঠানটি উপস্থাপন করেন শিশু স্বাস্থ্য বিভাগের আবাসিক চিকিৎসক ডাঃ ফাহিম হাসান রেজা।

# CMOSH ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউটের জন্য ক্লিফটন গ্রুপের পরিচালক মোঃ এম মহিউদ্দিন চৌধুরী এর ৫ লক্ষ টাকা অনুদান প্রদান



*ক্যান্সার হাসপাতালের জন্য ৫ লক্ষ টাকা অনুদানের চেক হস্তান্তর করছেন ক্লিফটন গ্রুপর পরিচালক মোঃ এম মহিউদ্দিন চৌধুরী।*



উত্তরা ফাইন্যান্স এর উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব আবদুল হামিদ ক্যান্সার হাসপাতালের জন্য ১ লক্ষ টাকা অনুদান প্রদান করছেন।

CMOSH ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউটের জন্য কিফটন গ্রুপের পরিচালক মোঃ এম মহিউদ্দিন চৌধুরী ৫ লক্ষ টাকা অনুদান প্রদান করেন। গত ০৩/০৪/২০১৮ ইং তারিখ তিনি ক্যান্সার হাসপাতাল বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও দৈনিক আজাদী সম্পাদক জনাব এম এ মালেক এর নিকট আনুষ্ঠানিক ভাবে উক্ত অনুদান হস্তান্তর করেন। এছাড়া উত্তরা ফাইন্যান্স এর উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব আবদুল হামিদ ক্যান্সার হাসপাতালের জন্য ১ লক্ষ টাকা অনুদান প্রদান করেন। এ উপলক্ষে হাসপাতালের কনফারেন্স রুমে কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন ক্যান্সার হাসপাতাল বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান জনাব এম এ মালেক, ক্লিফটন গ্রুপের পরিচালক মোঃ এম মহিউদ্দিন চৌধুরী, উত্তরা ফাইন্যান্স লিঃ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক জনাব আবদুল হামিদ, হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম, ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ প্রমুখ। সভায় জনাব মোঃ এম মহিউদ্দিন চৌধুরী বলেন, উদ্যোগ থাকলে যেকোন কাজে সফলতা আসবে। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল তার উজ্জ্বল দৃষ্টান্ত। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কর্তৃপক্ষকে চট্টগ্রামবাসীর জন্য একটি ক্যান্সার হাসপাতাল নির্মাণে এগিয়ে আসার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। জনাব আবদুল হামিদ বলেন, মা ও শিশু হাসপাতাল এগিয়ে যাচ্ছে, ভবিষ্যতে আরো এগিয়ে যাবে। তিনি সকলকে হাসপাতালের অগ্রযাত্রায় সামিল হওয়ার আহবান জানান। দৈনিক আজাদী সম্পাদক জনাব এম এ মালেক বলেন, এই ক্যান্সার হাসপাতাল বাস্তবায়নে সমাজের সকল পেশার মানুষকে এগিয়ে আসতে হবে। এটি আমাদের একটি সামাজিক দায়িত্ব। সকলের সম্মিলিত প্রচেষ্টায় আমাদের এই উদ্যোগ অবশ্যই সফল হবে। একজন দুখী ও মরনাপন্ন মানুষের মুখে হাসি ফুটানোর মধ্যে অনেক আনন্দ রয়েছে। এই মানুষগুলোর জন্যই আমরা কাজ করে যাচ্ছি। তিনি দাতা জনাব মহিউদ্দিন চৌধুরী ও আবদুল হামিদ সাহেবকে ক্যান্সার হাসপাতাল বাস্তবায়নে এগিয়ে আসার জন্য আন্তরিক ধন্যবাদ জানান। এ সময় আরো উপস্থিত ছিলেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ কামরুন নাহার দস্তগীর, জনাব মোঃ জাহিদুল হাসান, জনাব মোঃ হারুন ইউসুফ, জনাব এম জাকির হোসেন তালুকদার, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, কমিউনিটি মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর এম জালাল উদ্দিন, কার্যনির্বাহী কমিটির সাবেক ট্রেজারার জনাব আবদুল মান্নান রানা, উপ-পরিচালক (ফিন্যান্স) জনাব মোঃ ইফতেখারুল আমীন, উপ-পরিচালক (প্রশাসন) জনাব মোহাম্মদ মোশাররফ হোসাইন, ডাঃ মোহাম্মদ সফিউল আলম প্রমুখ।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের মডেল ফার্মেসীর উদ্বোধন



ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশনের মহা-পরিচালক মেজর জেনারেল (ডাঃ)মোঃ মোস্তাফিজুর রহমানকে সম্মাননা ক্রেস্ট প্রদান করছেন হাসপাতালের ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান ও জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম।

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সরকার নির্দেশিত মডেল ফার্মেসী গত ৩০/০৪/২০১৮ ইং তারিখ আনুষ্ঠানিক ভাবে উদ্বোধন করা হয়। ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশনের মহা-পরিচালক মেজর জেনারেল ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান এটি উদ্বোধন করেন। এ উপলক্ষে হাসপাতালের কনফারেন্স রুমে কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খানের সভাপতিত্বে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশনের পরিচালক জনাব মোঃ রুহুল আমিন ও হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম ড্রাগ টেষ্টিং ল্যাবরেটরীর পরিচালক জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, কার্যনির্বাহী কমিটির সদস্য মোঃ জাহিদুল হাসান, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, ভাইস প্রিন্সিপাল প্রফেসর ডাঃ অসীম কুমার বড়ুয়া প্রমুখ। প্রধান অতিথি মেজর জেনারেল ডাঃ মোঃ মোস্তাফিজুর রহমান বলেন, বর্তমান সরকার স্বাস্থ্য খাতে অনেক যুগান্তকারী সিদ্ধান্ত নিয়েছেন। স্বাস্থ্য খাতের উন্নয়নে বর্তমান সরকার নিরলস ভাবে কাজ করে যাচ্ছেন। যার অন্যতম হল এই মডেল ফার্মেসী। সরকার এই খাতে শৃংখলা ফিরিয়ে আনার জন্য কাজ করছেন। এ ব্যাপারে সকলের সহযোগিতা প্রয়োজন। তিনি চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের চিকিৎসা সেবা ও সামগ্রিক উন্নয়নের ভূয়সী প্রশংসা করেন। সরকারের পাশাপাশি বেসরকারী খাতে চিকিৎসা সেবায় মা ও শিশু হাসপাতাল এই অঞ্চলে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে। এটি বর্তমানে বাংলাদেশে বেসরকারী খাতে মডেল হাসপাতাল হিসেবে খ্যাতি লাভ করেছে। তিনি হাসপাতালের কার্যনির্বাহী কমিটি, হাসপাতাল পরিচালনার সাথে সংশ্লিষ্ট সকলকে এবং হাসপাতালের ডাক্তার, নার্স, কর্মকর্তা, কর্মচারীগণকে আন্তরিক অভিনন্দন জানান। কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম প্রধান অতিথিকে হাসপাতাল পরিদর্শনে আসার জন্য এবং হাসপাতাল পরিচালিত মডেল ফার্মেসী উদ্বোধনের সম্মতি দেয়ার জন্য আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ৭ম ব্যাচের ইন্টার্নী ডাক্তারদের সমাপনী অনুষ্ঠান ও ইন্টার্নশিপ সার্টিফিকেট বিতরন অনুষ্ঠান অনুষ্ঠিত




ইন্টার্নশীপ সমাপনী অনুষ্ঠানে ডাঃ সাবরিয়া শফি বেগকে গোল্ড মেডেল এ্যাওয়ার্ড প্রদান করছেন প্রধান অতিথি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দিন।

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ৭ম (২০১১-২০১২) ব্যাচের ইন্টার্নী ডাক্তারদের সমাপনী অনুষ্ঠান ও ইন্টার্নশিপ সার্টিফিকেট বিতরন অনুষ্ঠান গত ১৯/০৪/২০১৮ ইং তারিখ কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভাতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দিন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিএমএ চট্টগ্রাম শাখার সভাপতি প্রফেসর ডাঃ মুজিবুল হক খান ও বিএমএ চট্টগ্রাম শাখার সাধারণ সম্পাদক ডাঃ মোঃ ফয়সল ইকবাল চৌধুরী। অনুষ্ঠানে মুখ্য আলোচক হিসেবে বক্তব্য রাখেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, ভাইস প্রিন্সিপাল প্রফেসর অসীম কুমার বড়ুয়া, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমুখ। সভাতে স্বাগত বক্তব্য রাখেন ইন্টার্নী ডক্টরস এসোসিয়েশন এর সভাপতি ডাঃ মোঃ নাজমুস সাকিব। অনুষ্ঠানে ৭ম ব্যাচে ইন্টার্নী চিকিৎসকদের মধ্য থেকে বেষ্ট ডাক্তার হিসেবে ডাঃ সাবরিয়া শফি বেগকে এসএন্ডএফ করিম ট্রাষ্ট এর পক্ষ থেকে গোল্ড মেডেল এ্যাওয়ার্ড প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি নবাগত চিকিৎসকদের আন্তরিক অভিনন্দন জানান। তিনি নবাগত ডাক্তারদের একজন ভাল চিকিৎসক হওয়ার পাশাপাশি একজন ভাল মানুষ হওয়ার আহবান জানান। সরকার আগামীতে ৫ হাজার চিকিৎসককে সরকারী চাকুরীতে নিয়োজিত করবেন। সেই লক্ষ্যে বিসিএস পরীক্ষায় অংশ গ্রহণের জন্য তিনি প্রস্তুতি নেয়ার আহবান জানান। তিনি আরো বলেন, চিকিৎসকদের টাকার পিছনে ঘোরার প্রয়োজন নেই। চিকিৎসা সেবায় প্রতিষ্ঠিত হলে টাকাই তাদের পিছনে ঘুরবে। তিনি নবাগত চিকিৎসকদের মানব সেবার মহান ব্রত নিয়ে কাজ করার আহবান জানান। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, ডাঃ এম মাহফুজুর রহমান, জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ, কার্যনির্বাহী কমিটির সদস্য মিসেস রেখা আলম চৌধুরী, জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, জনাব মোঃ আহছান উল্যাহ, জনাব এস এম কুতুব উদ্দিন, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, বিএমএ চট্টগ্রাম শাখার সাংগঠনিক সম্পাদক ডাঃ মুইজ্জুল আকবর চৌধুরী প্রমুখ। অনুষ্ঠানে মেডিকেল কলেজের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার ও কর্মকর্তাগণ অংশ গ্রহণ করেন। অনুষ্ঠানে ইন্টার্নী চিকিৎসকদের ইন্টার্নশিপ সমাপনী সার্টিফিকেট প্রদান করা হয়। দিনব্যাপী আয়োজিত অনুষ্ঠানে সন্ধ্যায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন ডাঃ রাহেমা সুলতানা ও ডাঃ মোঃ শহীদুল আলম।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল এ নিরাপদ মাতৃত্ব দিবস-২০১৮ উপলক্ষে ক্যাম্পাসে বর্ণাঢ্য শোভাযাত্রা ও আনন্দ র‍্যালী।




*নিরাপদ মাতৃত্ব দিবস ২০১৮ উপলক্ষে আয়োজিত র‍্যালীতে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের চিকিৎসক ও কর্মকর্তাবৃন্দ।*

গত ২৮.০৫.২০১৮ তারিখে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল এ নিরাপদ মাতৃত্ব দিবস-২০১৮ উপলক্ষে অবস অ্যান্ড-গাইনী বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডাঃ সিরাজুন নূর এর সভাপতিত্বে ক্যাম্পাসে এক বর্ণাঢ্য শোভাযাত্রা ও আনন্দ র‍্যালীর আয়োজন করা হয়। উক্ত র‍্যালীতে বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট অধ্যপক ডাঃ এম.এ. তাহের খান, কার্যনির্বাহী কমিটির ভাইস-প্রেসিডেন্ট জনাব এস.এম. মোরশেদ হোসেন, কলেজের অধ্যক্ষ অধ্যাপক এ.এস.এম. মোস্তাক আহমেদ, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নুরুল হক এবং নিওনেটালজি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ওয়াজির আহমেদ। বক্তারা বলেন যে, নিরাপদ মাতৃত্ব এর হার বাড়াতে হলে মা মৃত্যুর হার কমাতে হবে। এই লক্ষ্যে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। চিকিৎসা বিজ্ঞানের নতুন নতুন প্রযুক্তি ব্যবহার ও প্রয়োগের মাধ্যমে নতুন ধারায় এগিয়ে নিয়ে "মা" মৃত্যুর পাশাপাশি শিশু মৃত্যুর হারও কমাতে হবে। এই লক্ষ্যে অনুশীলন, প্রশিক্ষণ এবং গবেষণার কার্যক্রম আরও বৃদ্ধি করার উপর গুরুত্বারোপ করা হয়। মিডওয়াইফ পাশাপাশি থাকারও দরকার আছে বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন। এবারের প্রতিপাদ্য বিষয় "কমাতে হলে মাতৃমৃত্যু হার, মিডওয়াইফ কাছে থাকা দরকার। আন্তর্জাতিক নিরাপদ মাতৃত্ব দিবস হল একটি সম্মান প্রদর্শন অনুষ্ঠান। একজন "মা" সর্বদা নিরাপদে থাকুক-এটা সবাই প্রত্যাশা করে। প্রতিটি সন্তানের বেড়ে উঠার পিছনে "মা-বাবা" দুজনের অবদান অনস্বীকার্য। একজনকে বাদ দিয়ে অন্যকে চিন্তা বা কল্পনা করা যায় না বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন।

উক্ত র‍্যালীতে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস-প্রেসিডেন্ট ডাঃ এম. মাহফুজুর রহমান, জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন, কার্যনির্বাহী কমিটির সদস্য, জনাব মোঃ জাহিদুল হাসান ও জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া এবং উপাধ্যক্ষ অধ্যাপক অসীম কুমার বড়ুয়া। এছাড়াও প্রতিষ্ঠানের প্রি-কিনিক্যাল, প্যারা-কিনিক্যাল এবং কিনিক্যাল বিভাগের সর্বস্তরের অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক, সিনিয়র কনসালটেন্ট, কনসালটেন্ট, জুনিয়র কনসালটেন্ট, রেসিডেন্ট ফিজিশিয়ান, রেসিডেন্ট সার্জন, কিউরেটর, প্রভাষক, রেজিষ্ট্রার, সহকারী রেজিষ্ট্রার, মেডিকেল অফিসার, ইন্টার্ণী ডাক্তার, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা, নার্স, নার্সিং শিক্ষার্থী এবং কর্মচারীবৃন্দ স্বতস্ফূর্তভাবে অংশ গ্রহণ করেন।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৭ তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত




*হাসপাতালের ৩৭ তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ।*

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৭ তম বার্ষিক সাধারণ সভা গত ০২/০৬/২০১৮ ইং তারিখ হাসপাতাল ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। সভাতে সভাপতিত্ব করেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম। সভার শুরুতেই বিগত ১ বছর কার্যকালে যেসকল বিশিষ্ট ব্যক্তি, হাসপাতালের আজীবন সদস্য/সদস্যা ও হাসপাতালের কর্মকর্তা, কর্মচারী মৃত্যু বরণ করেছেন তাঁদের জন্য শোক প্রস্তাব উত্থাপন করা হয়। সভাতে তাদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। বার্ষিক সাধারণ সভায় স্বাগত বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান। সভায় কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলাম ২০১৭ সালের হাসপাতালের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন। বার্ষিক প্রতিবেদনে তিনি বিগত ১ বছর কার্যকালে হাসপাতালের সার্বিক কার্যক্রম বিশেষ করে উল্লেখিত সময়ের বিশেষ বিশেষ অর্জন সমূহ আজীবন সদস্য/সদস্যাগণের উদ্দেশ্যে তুলে ধরেন। কার্যনির্বাহী কমিটির ট্রেজারার জনাব মোঃ রেজাউল করিম আজাদ সভাতে ২০১৭ সালের হাসপাতালের নিরীক্ষা প্রতিবেদন ও ২০১৮ সালের বাজেট উপস্থাপন করেন এবং বাজেটের বিশেষ বিশেষ দিক সমূহ তুলে ধরেন। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ২০১৭ সালের নিরীক্ষা প্রতিবেদন ও ২০১৮ সালের বাজেট উপস্থাপন করেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের গভর্ণিং বডির ভাইস চেয়ারম্যান কাম অনারারী ট্রেজারার প্রফেসর এম এ তাহের খান। সম্মানিত আজীবন সদস্য/সদস্যাগণ জেনারেল সেক্রেটারীর রিপোর্ট, হাসপাতাল ও মেডিকেল কলেজের নিরীক্ষিত হিসাব প্রতিবেদন এবং ২০১৮ সালের প্রস্তাবিত বাজেটের উপর আলোচনায় অংশ গ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে সভায় জেনারেল সেক্রেটারীর ২০১৭ সালের বার্ষিক প্রতিবেদন, ২০১৭ সালের হাসপাতাল ও মেডিকেল কলেজের আর্থিক প্রতিবেদন, নিরীক্ষিত হিসাব প্রতিবেদন ও ২০১৮ সালের প্রস্তাবিত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। আজীবন সদস্যগণের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন জনাব মোঃ সাজ্জাদ, জনাব ওয়াজি উল্লাহ বাদল, জনাব হালিম বিন রহমান, জনাব মোঃ শহীদুল ইসলাম, জনাব শামসুল আলম, জনাব সোলেমান হোসেন বাচ্চু, জনাব মোঃ নাছির উদ্দিন, লায়ন মোঃ মাহমুদুর রহমান শাওন, জনাব এম এ জলিল, জনাব মোঃ ফোরকান,জনাব মোঃ ইলিয়াস, জনাব হাকিম মোহাম্মদ উল্লাহ, জনাব আবদুল মান্নান রানা, জনাব মোহাম্মদ সাগির, লায়ন নবাব হোসেন মুন্না, জনাব রাশেদুল আমীন, জনাব মোঃ তালুকদার হালিম, লায়ন মোঃ শাহ আলম, জনাব সৈয়দ নুরুন নবী লিটন, জনাব কামাল উদ্দিন, জনাব মোঃ আমজাদ হোসেন, জনাব হাসান মুরাদ, জনাব মোঃ মাহবুব, জনাব রাজু আহমেদ, জনাব মাসুদ আহমেদ এবং জনাব নাছির উদ্দিন । সম্মানিত আজীবন সদস্যবৃন্দ আলোচনায় হাসপাতালের উন্নয়ন ও অগ্রগতিতে তাদের মূল্যবান মতামত ও পরামর্শ প্রদান করেন। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট ও জেনারেল সেক্রেটারী সভাকে অবহিত করেন যে, সম্মানিত আজীবন সদস্যদের মূল্যবান পরামর্শ ও মতামত সমূহ লিপিবদ্ধ করা হয়েছে। কার্যনির্বাহী কমিটির সভায় এগুলি আলোচনা করে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন করা হবে। কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম ৩৭তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত হয়ে বার্ষিক সাধারণ সভাকে সফল করার জন্য সম্মানিত আজীবন সদস্য/সদস্যাগণকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। সভাতে ধন্যবাদ জ্ঞাপন করেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন। সভাতে বিপুল সংখ্যক আজীবন সদস্য/সদস্যা অংশগ্রহণ করেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন কার্যনির্বাহী কমিটির জয়েন্ট জেনারেল সেক্রেটারী ডাঃ মোঃ আরিফুল আমীন। সভাতে আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, ডোনার সদস্য ইঞ্জিনিয়ার মোঃ জাবেদ আবছার চৌধুরী, কার্যনির্বাহী কমিটির সদস্য মোঃ আনোয়ারুল ইসলাম, ইঞ্জিঃ এম আলী আশরাফ, মিসেস রেখা আলম চৌধুরী, লায়ন অধ্যক্ষ ড. মোহাম্মদ সানাউল্লাহ, এডভোকেট আহসান উল্যাহ, জনাব মোঃ জাহিদুল হাসান, আলহাজ্ব মোঃ হারুন ইউছুপ, খায়েজ আহমেদ ভূঁইয়া, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ ও হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমূখ।

## মাননীয় সিভিল সার্জন ডাঃ মোঃ আজিজুর রহমান সিদ্দিকীর চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন



*হাসপাতাল কর্তৃপক্ষ ও সাংবাদিকদের সাথে আলোচনা সভায় বক্তব্য রাখছেন সিভিল সার্জন, চট্টগ্রাম ডাঃ মোঃ আজিজুর রহমান সিদ্দিকী।*

গত ৩০/০৬/২০১৮ ইং তারিখ (দুপুর ২.০০ ঘটিকার সময়) চট্টগ্রামের মাননীয় সিভিল সার্জন ডাঃ মোঃ আজিজুর রহমান সিদ্দিকী চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল পরিদর্শন করেন। তিনি হাসপাতালের মেডিসিন ওয়ার্ড ঘুরে দেখেন এবং জন্ডিসে আক্রান্ত রোগীদের সাথে কথা বলেন। এ উপলক্ষে হাসপাতালের কনফারেন্স রুমে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এ সময় আরো উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, কার্যনির্বাহী কমিটির সদস্য অধ্যক্ষ লায়ন ড. মোহাম্মদ সানাউল্লাহ, হাসপাতালের পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক, হাসপাতালের আজীবন সদস্য জনাব মাহমুদুর রহমান শাওন সহ সাংবাদিকবৃন্দ। তিনি হাসপাতালের সামগ্রিক চিকিৎসা সেবা কার্যক্রম দেখে সন্তোষ প্রকাশ করেন এবং আরো ভাল সেবা প্রদানের জন্য বিভিন্ন পরামর্শ দেন।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে আন্তর্জাতিক নার্সেস দিবস পালিত




*নার্সেস দিবস উপলক্ষে কেক কাটা হচ্ছে।*

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে আন্তর্জাতিক নার্সেস দিবস-২০১৮ উপলক্ষে গত ১২/০৫/২০১৮ ইং তারিখ এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। হাসপাতালের কার্যনির্বাহী কমিটির সদস্য ও নার্সিং সাব-কমিটির কো-চেয়ারম্যান মিসেস রেখা আলম চৌধুরী এর সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, কার্যনির্বাহী কমিটির সদস্য ডাঃ কামরুন নাহার দস্তগীর, জনাব মোঃ জাহিদুল হাসান, জনাব খায়েজ আহমেদ ভূঁইয়া, হাসপাতালের উপ-পরিচালক (প্রশাসন) ডাঃ এ কে এম আশরাফুল করিম, সহকারী পরিচালক (প্রশাসন) ডাঃ কামাল হোসেন জুয়েল, নার্সিং প্রিন্সিপাল ঝিনু রানী দাশ, নার্সিং সুপারিনটেনডেন্ট রনজু কনা পাল প্রমুখ। এ বছর নার্সেস দিবসের প্রতিপাদ্য বিষয় "নার্স - নেতৃত্বের একটি ভয়েস - স্বাস্থ্য একটি মানব অধিকার"। সভায় বক্তারা বলেন, নার্সিং একটি মহান পেশা। অনুষ্ঠানে নার্সিং এর জনক ফ্লোরেন্স নাইটিঙ্গেল এর আদর্শ কে অনুসরণ করার জন্য নার্সদের প্রতি অনুরোধ জানানো হয়। অসহায় রোগীদের প্রতি আন্তরিক সেবা ও ভাল ব্যবহার করার জন্য নার্সদের প্রতি অনুরোধ জানানো হয়। নার্সিং শিক্ষা ও সেবার মান উন্নয়নের জন্য সরকারী, বেসরকারী সমন্বিত উদ্যোগের প্রয়োজন। কারণ নার্সিং সেবার উন্নয়ন না হলে চিকিৎসা সেবার উন্নয়ন করা সম্ভব নয়। নার্সেস ডে উপলক্ষে বর্ণাঢ্য র‌্যালী, কেক কাটা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে নার্সিং ইনস্টিটিউট ও নার্সিং কলেজের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, নার্স ও ছাত্র-ছাত্রীবৃন্দ উপস্থিত ছিলেন।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক ৪ কোটি ৫০ লক্ষ টাকা অনুদান প্রদান



*স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ হাবিব খান মহোদয়ের কাছ থেকে অনুদানের বরাদ্দপত্র গ্রহণ করছেন ভাইস প্রেসিডেন্ট (ইসি) সৈয়দ মোঃ মোরশেদ হোসেন।*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয় কর্তৃক চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালকে ২০১৭-২০১৮ অর্থ বছরে ৪ কোটি ৫০ লক্ষ টাকা Grant in Aid খাতে অনুদান প্রদান করা হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ হাবিব খান চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ভাইস প্রেসিডেন্ট জনাব লায়ন সৈয়দ মোঃ মোরশেদ হোসেনের নিকট এই অনুদানের বরাদ্ধ পত্র হস্থান্তর করেন। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সেবার মান বৃদ্ধি ও উন্নয়নে এই অনুদান অব্যাহত থাকবে মর্মে হাসপাতাল কর্তৃপক্ষকে মন্ত্রণালয়ের পক্ষ থেকে আশ্বস্ত করা হয়। হাসপাতালের পক্ষ থেকে জনাব লায়ন সৈয়দ মোঃ মোরশেদ হোসেন এজন্য বাংলাদেশ সরকার ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান।

## CHATTOGRAM MAA-SHISHU O GENERAL HOSPITAL

Agrabad, Chittagong.

Hospital Activities for the Month **April - June 2018**

| | April'18 | May'18 | June'18 |
|---|---|---|---|
| Out Patient Dept : | | | |
| Paediatrics | 5989 | 5777 | 4536 |
| Adult Patient (Medicine) | 3506 | 3181 | 2698 |
| Consultancy Service (Paediatric) | 957 | 868 | 595 |
| Consultancy Service (Adult) | 944 | 1094 | 874 |
| Obs. & Gynae | 2438 | 2489 | 1919 |
| Surgical (Paediatric) | 954 | 830 | 717 |
| Surgical (General) | 828 | 944 | 818 |
| Mini O.T. | 1377 | 983 | 906 |
| E.N.T. | 1209 | 1062 | 795 |
| Orthopaedics | 1274 | 1379 | 995 |
| Skin Diseases | 1191 | 1009 | 883 |
| Eye | 862 | 671 | 414 |
| Dental Cases | 455 | 353 | 282 |
| ORT | 54 | 53 | 48 |
| Psychology | 149 | 133 | 64 |
| Neurology | 444 | 401 | 248 |
| Asthma Clinic | - | 35 | 20 |
| Family Planning | 95 | 73 | 69 |
| Psychiatry | 155 | 199 | 142 |
| Dots Corner | 329 | 743 | 620 |
| Speech Therapy | 241 | 251 | 126 |
| Physiotherapy | 722 | 549 | 344 |
| L.M.C. | 52 | 50 | 40 |
| Referrd Cases | 260 | 141 | 152 |
| E.P.I. | 1371 | 1330 | 1075 |
| Gastroenterology Uint | 89 | 72 | 53 |
| EEG | 73 | 78 | 69 |
| RNDA | 150 | 164 | 103 |
| GDA | 206 | 226 | 93 |
| Low Vision | 148 | 166 | 93 |
| Occupational Therapy (OT) | 142 | 183 | 98 |
| Sitting Fitting | 111 | 146 | 54 |
| ETT | 04 | 03 | 01 |
| Paediatric Nephrology | 10 | 07 | 06 |
| Adult Nepgrology | 33 | 32 | 25 |
| Nuro Medicine | 59 | - | - |
| Oncology | 130 | 109 | 120 |
| Chemotherapy | 112 | 108 | 89 |
| Physical Medicine | 343 | 274 | 165 |
| Hematology | 143 | 188 | 104 |
| **In Patint Departmnt:** | | | |
| Paediatric (Admission) | 4727 | 4634 | 4057 |
| Maternity (Admission) | 752 | 756 | 618 |
| Neonatal (Admission) | 238 | 263 | 212 |
| Adult Medicine (Admission) | 1000 | 1074 | 935 |
| Adult Medicine (Operation) | 04 | 01 | 02 |
| Paediatric Surgery (Admission) | 208 | 182 | 177 |
| Paediatric Surgery (Operation) | 129 | 107 | 82 |
| Operation Obs. & Gynae | 319 | 337 | 263 |
| General Surgery (Admission) | 237 | 242 | 200 |
| General Surgery (Operation) | 23 | 30 | 16 |
| Orthopadic Surgery (Admission) | 69 | 95 | 175 |
| Orthopadic Surgery (Operation) | 31 | 26 | 32 |
| E.N.T. (Admission) | 26 | 14 | 11 |
| E.N.T. (Operation) | 12 | 08 | 03 |
| Eye (Admission) | - | - | - |
| Eye (Operation) | 03 | 03 | 02 |
| Thalassamia (Admission) | 64 | 54 | 54 |
| Oncology | - | 04 | 05 |
| Cabin | 490 | 413 | 418 |
| Pathology | 10103 | 10242 | 8875 |
| Radiology | 3534 | 3379 | 2809 |
| Ultrasonography | 1394 | 1453 | 1066 |
| CT Scan | 111 | 85 | 69 |
| E.C.G. | 299 | 250 | 179 |
| Kindney Dialysis | 322 | 276 | 262 |
| Echocardiongram | 173 | 224 | 149 |
| Adult ICU (Admission) | 31 | 30 | 39 |
| Adult CCU (Admission) | 48 | 42 | 33 |
| Adult HDU (Admission) | 15 | 09 | 16 |
| Paediatric ICU (Admission) | 85 | 97 | 66 |
| Paediatric CCU (Admission) | 23 | 38 | 27 |
| Paediatric HDU (Admission) | 42 | 44 | 39 |
| Urology (Admission) | 53 | 37 | 34 |
| Urology (Operation) | 12 | 17 | 14 |
| Emergency | 3066 | 3133 | 3257 |
| Total Death | 66 | 50 | 47 |

## DONORS OF -April, May & June-2018.

| | April | May | June |
|---|---|---|---|
| **Materials:-** | | | |
| Md. Fazlul Haque (Air Bed) | 2,500 | - | - |
| **Total:** | **2,500** | **-** | **-** |
| **Medicine :-** | | | |
| Prof. Mahmood Ahmed Chowdhury | 24,776 | 8,445 | - |
| Dr.Nahid Sultana | 559 | - | - |
| Md. Fazlul Haque | 5,418 | - | - |
| Inner Wheel Club of Chittagong. | 5,000 | - | - |
| Dr. Mohammed Parvez Iqbal Sharif | 1,440 | - | - |
| Dr.Md. Liaquat Ali Bhuiyan | - | - | 4,546 |
| **Total:** | **37,193** | **8,445** | **4,546** |
| **Cash:** | | | |
| A.K Khan And Co. Ltd. (A.K Foundation) | 890,000 | - | - |
| Lions Club of Chittagong. | - | - | 7,200 |
| **Total:** | **890,000** | **-** | **7,200** |
| **Donation of The Month:** | **929,693** | **8,445** | **11,746** |
| **Engr.L.K.Siddique Memorial.P. P. B. Fund:** | | | |
| Chattagram Maa,Shishu-O-General Hospital. | 364,255 | 376,392 | 382,484 |
| Chattagram Maa O Shishu Hospital Medical College | 93,196 | 108,870 | 4,860 |
| Received From M.R Card. | 30,000 | 30,000 | 21,000 |
| All Employee of CMOSH (For Khichury Fund). | - | 54,970 | 55,570 |
| CMOSH Employees Provident Fund | - | 6,262 | - |
| Dr. Sudip Rakshit | - | - | 1,800 |
| Donar Willingly Disclosed His Name | 20 | - | 30,000 |
| Md. Iftekharul Uddin Rubal | 1,382 | - | - |
| **Total:** | **488,853** | **576,494** | **495,714** |
| **Zakat:** | **50,800** | **868,000** | **5,092,500** |

**BOOK POST / PRINTED MATTERS**

**To,**

**Postage**

If undelivered please return to:
**Chattogram Maa-O-Shishu Hospital**
Agrabad, Chattogram, Bangladesh.
Phone : 880-31-718521 / 718525/711236/2520063, Fax : 880-31-2525409
E-mail : cmoshctg@gmail.com **Web site : www.cmoshbd.org**



# চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতাল

আগ্রাবাদ, চট্টগ্রাম।

**ডায়াবেটিস ও হরমোন রোগ বিভাগ**

চালু করা হয়েছে

বিশেষজ্ঞ চিকিৎসক **ডাঃ মোহাম্মদ আবু বকর**, এমবিবিএস, ডিইএম (ডায়াবেটিস ও হরমোন), এমএসিই (আমেরিকা), ডায়াবেটিস ও হরমোন রোগে উচ্চতর প্রশিক্ষণ (সিঙ্গাপুর) উক্ত বিভাগে রোগীদের জন্য সুলভ মূল্যে সকল চিকিৎসা সেবা প্রদান করছেন।

- ডায়াবেটিস
- গর্ভবতির ডায়াবেটিস
- থাইরয়েডের সমস্যা (গলা ফুলা, বেশিঘাম, দুর্বলতা ওজন বাড়া বা কমে যাওয়া)
- শিশুদের বৃদ্ধি কম হওয়া
- ওজন বেড়ে যাওয়া / স্থুলতা
- মাসিকের বিভিন্ন সমস্যা
- সন্তান না হওয়া
- মেয়েদের মুখে ও শরীরে অবাঞ্চিত লোম
- ছেলেদের বুক বড় হওয়া,
- বন্ধাত্ব
- যৌন সমস্যা
- ব্লাড প্রেসার
- হাঁড় ক্ষয় হওয়া/বাত-ব্যাথা
- মুখ, নখ শরীর কালো হওয়া,
- ক্ষুধা এবং ওজন কমে যাওয়া
- কিডনীতে বার বার পাথর হওয়া

**চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের উদ্যোগে একটি আন্তর্জাতিক মানের ক্যান্সার হাসপাতাল ও রিসার্চ ইনষ্টিটিউট বাস্তবায়নের জন্য সমাজের বিত্তশালীদের এগিয়ে আসার জন্য উদাত্ত আহবান জানাচ্ছি।**

হিসাবের শিরোনাম : CMOSH Cancer Hospital & Research Institute
হিসাব নং : ০১৭০১৩০৬৭১০৪১, আইএফআইসি ব্যাংক লিঃ, আগ্রাবাদ, চট্টগ্রাম।

সার্বিক যোগাযোগ ঃ মোঃ মনজুরুল আলম চৌধুরী, উপ-পরিচালক (ফিন্যান্স) মোবাইল-০১৭১২-১৯১৮৭৫

**যাকাত প্রদানের আবেদন**

অসহায়, গরীব ও মুসলিম রোগীদের চিকিৎসা সহায়তার জন্য আপনার যাকাতের একটি উল্লেখযোগ্য অংশ চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতাল যাকাত ফান্ডে প্রদানের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

হিসাবের নামঃ “চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতাল যাকাত ফান্ড”
হিসাব নং-৫০২১৩০০০০০৩, স্ট্যান্ডার্ড ব্যাংক লিঃ, ইসলামী ব্যাংকিং উইন্ডো, আগ্রাবাদ শাখা এবং
হিসাব নং- ১০৩০২০০০৫২৬০৫, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ, আগ্রাবাদ শাখা, চট্টগ্রাম।


**EDITORIAL BOARD :**

- Chairman Editorial Board : **Dr. Anjuman Ara Islam**
- Chief Editor : **S. M. Morshed Hossain** ● Editor : **Md. Rezaul Karim Azad**
- Printed by : **Pack & Robi Printers.** Mobile : 01718 371001